

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ
الَّذِينَ مِن قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَىٰ لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُم مِّن بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا
يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَن كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿



নং: ১৪৪৫-০৩/০৫

শুক্রবার, ১৫ রবিউল আউয়াল, ১৪৪৫

২৯/০৯/২০২৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

দেশের সচেতন নাগরিক এবং প্রভাবশালী ব্যক্তিবর্গের প্রতি উদাত্ত আহ্বান:

“যালিম হাসিনা এবং উপনিবেশবাদী মার্কিনীদের কবল থেকে মুক্তির উপায়” শীর্ষক অনলাইন সম্মেলনে সম্পৃক্ত হোন এবং উপস্থাপিত
দিকনির্দেশনাকে বাস্তবায়ন করুন

দেশের রাজনীতি ও অর্থনীতি এমন একটা সংকট অতিক্রম করছে, যা ইতিমধ্যে এক মহাসংকটে পরিণত হয়েছে। জনগণের দুর্ভোগ-দুর্দশা চরম সীমায় পৌঁছেছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে বিপর্যস্ত সাধারণ জনগণ ডিম ও রুটির মত মৌলিক খাদ্য কিনতে হিমশিম খাচ্ছে। ডেঙ্গু মহামারীতে পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন ও শিশু সন্তান নিয়ে সবাই আতঙ্কে দিন কাটাচ্ছে; না আছে মশা মারার কোন কার্যকর ব্যবস্থা, না আছে চিকিৎসার কোন সুব্যবস্থা। জনগণের রুটি-রুজির মূল উৎস ব্যবসা-বাণিজ্যে চলছে চরম মন্দা, অন্যদিকে গুটিকয়েক পুঁজিপতি সম্পদের পাহাড় গড়ছে। মেগা-প্রজেক্টের নামে চলছে মেগা-লুটপাট। ধারাবাহিক প্রক্রিয়ায় দেশের ব্যাংকগুলোকে লুট করা হচ্ছে, আর ক্যাপাসিটি চার্জের নামে বিদ্যুৎখাতে চলছে লুটের মহাউৎসব। একদিকে লুটের টাকা বিদেশে পাচার, অপরদিকে বিদেশী ঋণের সুদ-আসল পরিশোধের চাপে রিজার্ভ সংকটে আজ দেশের অর্থনীতি দেউলিয়াত্বের মুখোমুখি।

দেশের জনগণের যখন এমন বেহাল দশা তখন কি চলছে রাজনৈতিক অঙ্গণে? আপনারা দেখতে পাচ্ছেন, ইউরোপ ও আমেরিকার হাই প্রোফাইল কর্মকর্তারা ঘন ঘন বাংলাদেশ সফর করছে। আওয়ামী-বিএনপি গোষ্ঠী ব্যস্ত এসব উপনিবেশবাদী দেশগুলোর কর্মকর্তাদের সাথে মিটিং-সিটিং ও ডিনার করাতে। অথচ, তারা দাবী করে, তারা নাকি জনগণের জন্য রাজনীতি করে। জনগণের কোন সমস্যা সমাধানে তাদের ন্যূনতম মনযোগ আমরা দেখছি না, বরং তাদের মনযোগের কেন্দ্রবিন্দু হচ্ছে এই উপনিবেশবাদী শক্তিগুলোর পদলেহন করে ক্ষমতায় টিকে থাকা অথবা ক্ষমতার মসনদে আহরণ করা। এই সুযোগে উপনিবেশবাদী শক্তিগুলো তাদের অর্থনৈতিক ও ভূ-রাজনৈতিক স্বার্থ হাসিল করার এজেন্ডা নিয়ে অগ্রসর হচ্ছে। যদিও তারা তাদের এই ঘৃণ্য ষড়যন্ত্র এবং উদ্দেশ্যকে আড়াল করার জন্য তারা মুখে গণতন্ত্র, আইনের শাসন, মানবাধিকারের বুলি কবচায় কিন্তু আপনার জানেন এবং আপনারা দেখেছেন, কিভাবে গণতন্ত্র ও মানবাধিকারের কথা বলে তারা ইতিপূর্বে ইরাক, আফগানিস্তান এবং পাকিস্তানের মত দেশগুলোকে ধ্বংস করেছে।

হে দেশবাসী, দেশের এই ক্রান্তিলগ্নে, আপনাদের সামনে দেশের প্রকৃত বাস্তবতা তুলে ধরে, এই বাস্তবতা থেকে মুক্তির রূপরেখা উপস্থাপনের লক্ষ্যে Al Waqiyah TV থেকে এই অনলাইন সম্মেলনের সম্প্রচারের আয়োজন করা হয়েছে। “যালিম হাসিনা এবং উপনিবেশবাদী মার্কিনীদের কবল থেকে মুক্তির উপায়” শীর্ষক সম্মেলনে আপনারা সম্পৃক্ত হন এবং সম্মেলন হতে প্রাপ্ত দিকনির্দেশনাকে বাস্তবায়নে অগ্রসর হন।

* يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ *

“হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের সেই আহ্বানে সাড়া দাও যখন তোমাদেরকে এমনকিছুর দিকে আহ্বান করা হয় যা তোমাদের মধ্যে প্রাণের সঞ্চার করে” (সূরা আল-আনফাল: ২৪)

সম্মেলনের সম্প্রচারের সময় ও তারিখ:

সন্ধ্যা ৭টা; শনিবার ৩০ সেপ্টেম্বর, ২০২৩

সম্প্রচারের সাইট:

ALWAQIYAH.TV

<https://youtu.be/w0ztfSvVrnU>

হিব্বুত তাহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশ-এর মিডিয়া কার্যালয়